আর্থিক সহায়তা সচেতনতা মাস

5 ফ্যাফসা পূরণের সময় পিতামাতা যে ৫টি বিষয় করতে পারেন

1 **যথাশীঘ্র সম্ভব ফ্যাফসা পূরণ করুন।** ১ অক্টোবর থেকে শুরু করে পরিবারসমূহ 2015 সালের ট্যাক্স রিটার্ন ব্যবহার করে ওয়েবসাইটে (http:// fafsa.gov) 2017-2018 সালের ফ্যাফসা পূরণ শুরু করতে পারেন। আপনার ট্যাক্স-এর তথ্য হালনাগাদ করতে এবং দীর্ঘ যাচাই প্রক্রিয়া এড়াতে আইআরএস-এর ডেটা রিট্রিভ টুল ব্যবহার করুন।

2 **একটি ফেডারেল স্টুডেন্ট এইড (এফএসএ আইডি, FSA ID) তৈরি করুন ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন (USDOE) ওয়েবসাইটে (www.fsaid.ed.gov)** আপনার সন্তানের ফ্যাফসা পূরণের কয়েকদিন আগে (এবং আপনার সন্তানকেও একটি তৈরির সুপারিশ করুন)। এফএসএ আইডি হলো ব্যক্তিগত ইউজার নেম (ব্যবহারকারীর নাম) ও পাসওয়ার্ড যা ফ্যাফসা-এর আইনসম্মত স্বাক্ষর হিসেবে ব্যবহার করা যায়। অনলাইনে ফ্যাফসা জমা দেওয়ার সময় শিক্ষার্থী ও পিতামাতাদের এফএসএ আইডি-এর প্রয়োজন হবে, এবং এফএসএ আইডি ব্যবহারোপযোগী হতে সর্বোচ্চ তিন দিন পর্যন্ত লেগে যেতে পারে। আপনার ও আপনার সন্তানের এফএসএ আইডি-এর জন্য সাইন আপ হয়ে গেলে উভয়ের নতুন ইউজার নেম ও পাসওয়ার্ড লিখে রাখতে এবং তা ভবিষ্যত ব্যবহারের জন্য একটি সুরক্ষিত স্থানে রাখতে ভুলবেন না।

3 **ফ্যাফসা পূরণে সন্তানের স্কুলে আয়োজিত অধিবেশনে অংশ নিন, কিংবা আপনার আশেপাশে এধরনের কোন অধিবেশনের খোঁজ করুন।** পিতামাতারা ফ্যাফসা পূরণে আসন্ন অধিবেশনের খোঁজ পেতে এখানে দেখতে পারেন: (collegegoalny.org/event-locations)। সম্ভাব্য ভালো প্রস্তুতির জন্য পিতামাতাদেরকে ফ্যাফসা পূরণে আবশ্যক কাগজপত্রের তালিকা ইউএসডিওই-এর ফ্যাফসা ওয়েবসাইট থেকে জেনে নিন: (https://collegegoalny.org/get-started/how-to-prepare)।

4 **সতর্কতার সাথে সকল প্রশ্ন পাঠ করুন এবং আপনার সন্তানের ফ্যাফসায় তথ্য পূরণ করার সময়ে খুঁটিনাটি বিষয়গুলির প্রতি মনোযোগ** দিন। বিশেষ করে সোশাল সিকিউরিটি নম্বর, জন্মতারিখ এবং নামের নির্ভুলতা একাধিকবার দেখে নিন। ভুলের কারণে ফ্যাফসা প্রক্রিয়াকরণ বিলম্বিত হতে পারে। মনে রাখবেন, প্রশ্নের উত্তর কীভাবে দিতে হবে সে ব্যাপারে নিশ্চিত হতে না পারলে ফ্যাফসা এন্ট্রি পেজ-এর ডান দিকে "Help and Hints" অংশে দেখবেন, সেখানে প্রয়োজনীয় তথ্য দেওয়া আছে।

5 **আপনার সন্তানের ফ্যাফসা পূরণের জন্য প্রয়োজনীয় পিতামাতার তথ্য ও কাগজপত্রের ব্যাপারে কোন সংশয় আছে?** অনুগ্রহ করে আরও তথ্যের জন্য ইউএসডিওই-এর হোমরুম ব্লগ (http://blog.ed.gov/2015/12/guide-reporting-parent-info-on-fafsa) দেখুন।

Financial Aid awareness Month

Top Myths

পিতামাতা ও শিক্ষার্থীদের ফ্যাফসা জমা দেওয়া থেকে বিরত রাখে যেসব 'অবাস্তব কাহিনি'

অবাস্তব কাহিনি নং ১: আমার পরিবার সন্তানের সাহায্য (এইড) লাভের পক্ষে অধিক আয় করে।

ফেডারেল স্টুডেন্ট এইড লাভের জন্য আয়ের সীমা নির্দিষ্ট করা নেই। আপনার সন্তানের ফাইন্যানশিয়াল এইড- এর যোগ্যতা নির্ভর করে কয়েকটি বিষয়ের উপর এবং শুধু পারিবারিক আয়ের উপর নয়। তদুপরি, অনেক স্টেট ও স্কুল আপনার ফ্যাফসা-এর তথ্য সন্তানের এইড-এর যোগ্যতা নিরূপণের জন্য ব্যবহার করে। আপনার সন্তান কী পাবে, আপনি যদি সেটা নিশ্চিত না হন, তাহলে সেটা নিশ্চিত করা জানার সেরা উপায় হলো আবেদন পূরণ করা।

অবাস্তব কাহিনি নং 2: ফ্যাফসা পূরণ করার আগেই আমাকে ট্যাক্স ফাইল করতে হবে।

এবছর নতুন, ফ্যাফসা দুই বছর আগের আয়ের তথ্য সংগ্রহ করবে। এক্ষেত্রে ২০১৭র হেমন্তে কলেজে ভর্তি হবে এমন শিক্ষার্থীদের জন্য ২০১৫ সালের। শিক্ষার্থী ও পরিবার এমন কি আপনার ২০১৫ ট্যাক্স-এর তথ্য স্বতোঃক্রিয়ভাবে ফ্যাফসা আবেদনপত্রে ইম্পোর্ট করায় আইআরএস ডেটা রিট্রিভাল টুল ব্যবহার করতে পারবেন।

অবাস্তব কাহিনি নং 3: ফ্যাফসা পূরণ করা খুব কঠিন।

এটা সাধারণ একটা ভুল ধারণা, কারণ অনলাইনে এটা পূরণ করা এখন অতি সহজ কাজ। ফরমটি "স্কিপ লজিক" ব্যবহার করে, তাই শুধু আপনার জন্য প্রাসঙ্গিক প্রশ্ন জিজ্ঞাসা করা হবে। এছাড়াও,আপনি যদি ইতোমধ্যে ২০১৫ সালের ট্যাক্স ফাইল করে থাকেন, আপনি আপনার ট্যাক্স রিটার্নের ডেটা ফ্যাফসাতে স্বতোঃক্রিয়ভাবে নিয়ে আসতে পারবেন। এ ধরনের আধুনিকায়নের ফলে ফ্যাফসা পূরণে গড়পড়তা সময় ২১ মিনিটের চেয়েও কম লাগে। আপনি যদি কোথাও আটকে যান, ওয়েবচ্যাট, ইমেইল এবং ফোনে সাহায্য পেতে পারেন।

অবাস্তব কাহিনি নং 4: আমার শিক্ষার্থীর নম্বর এইড পাওয়ার জন্য যথেষ্ট নয়।

ফেডারেল স্টুডেন্ট এইড প্রোগ্রামের যোগ্যতা আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনার সাথে সংশ্লিষ্ট নয়। স্মরণ রাখবেন যে, আপনার সন্তানকে কলেজে থাকাকালে তার ফাইন্যানশিয়াল এইড অব্যাহত রাখার জন্য কলেজে এমন নম্বর পাওয়া অব্যাহত রাখতে হবে যেটাকে কলেজ সন্তুষজনক বিবেচনা করে।

এসব 'অবাস্তব কাহিনি' সম্পর্কে আরও জানতে আগ্রহী?
ফ্যাফসা সম্পর্কিত এসব 'অবাস্তব কাহিনি' নিয়ে তারপরও কি আপনি উদ্বিগ্ন? আরও তথ্যের জন্য ইউএসডিও-এর ফেডারেল স্টুডেন্ট এইড ওয়েবসাইট (https://studentaid.ed.gov/sa/) দেখুন

অবাস্তব কাহিনি নং 5: সন্তানের জাতিগত পরিচয় বা বয়সের কারণে আমি এইড পাওয়ার অযোগ্য।

যেখানে যোগ্যতার মৌলিক শর্তসমূহ বিদ্যমান রয়েছে, দয়া করে জেনে রাখবেন, জাতিগত পরিচয় ও বয়স বিবেচনা করা হয় না।

মনে রাখবেন: শিক্ষার্থীর পক্ষে ফ্যাফসা জমা দেওয়া না হওয়া পর্যন্ত শিক্ষার্থী কলেজে কোন ফাইন্যানশিয়াল এইড পাবে না।

T&I 25237 (Bengali)